



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
সমন্বয় বিভাগ

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.islamicfoundation.gov.bd



তারিখ : ২৬/০৩/২০২০ খ্রি.

স্মারক নং : ১৬.০১.০০০০.০০৫.০১.০০১.২০.১৩৪৯

বিষয় : করোনাভাইরাস সংক্রমণে মৃত মুসলমান ব্যক্তির কাফন, জানাযা ও দাফন সম্পন্ন করার জন্য টিম গঠন প্রসঙ্গে।

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিশ্বের বিভিন্ন দেশে করোনাভাইরাসের মহামারীর পরিপ্রেক্ষিতে বাংলাদেশেও ৪৪ জন ব্যক্তি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন এবং কমপক্ষে ৫ জন মৃত্যুবরণ করেছেন। করোনাভাইরাস সংক্রমণে মৃত ব্যক্তির নিরাপদ দাফন/সংকারের বিষয়ে “করোনা (COVID 19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/সংকার/ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেসজিওর (SOP)” মেনে চলার নির্দেশনা দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী করোনাভাইরাস সংক্রমণে মৃত ব্যক্তির কাফন, জানাযা ও দাফন সম্পন্ন করার জন্য প্রশিক্ষিত কর্মী প্রয়োজন। এতদুদ্দেশ্যে দেশের প্রতিটি জেলায় কমপক্ষে ২টি ও উপজেলা/জেলা ১টি টিম (১ জন ইমাম/মুয়াজ্জিনসহ ৫ সদস্য বিশিষ্ট) গঠন করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক উক্ত টিমের সদস্যগণকে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানসহ প্রয়োজনীয় ইকুইপমেন্ট প্রদান করা হবে। টিমের সদস্যগণ জেলা প্রশাসক, সিভিল সার্জন ও উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনায় প্রয়োজনীয় ক্ষেত্রে দায়িত্ব পালন করবেন।

বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে তাঁর জেলার জন্য কমপক্ষে ২(দুই) টি এবং প্রত্যেক উপজেলার জন্য ১(এক) টি টিম গঠন করে আগামী ২৮.০৩.২০২০ তারিখের মধ্যে টিমের সদস্যদের নামের তালিকা (ঠিকানা ও মোবাইল নম্বরসহ) ১ কপি জেলা প্রশাসক, ১ কপি সিভিল সার্জন অফিস এবং ১ কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য ইসলামিক ফাউন্ডেশনের সকল বিভাগীয় কার্যালয়ের পরিচালক ও জেলা কার্যালয়ের উপ-পরিচালকগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অত্যন্ত জরুরি।

পরিচালক/উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
সকল বিভাগ/ জেলা কার্যালয়

স্মারক নং : ১৬.০১.০০০০.০০৫.০১.০০১.২০.১৩৪৯

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. অতিরিক্ত সচিব (হজ্জ/সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্বাক্ষরিত/-

২৬/০৩/২০২০

মোহাম্মদ মহীউদ্দিন মজুমদার

পরিচালক

সমন্বয় বিভাগ

ফোন : ৮১৮১৫৪১

e-mail : ifacoordination@gmail.com

তারিখ : ২৬/০৩/২০২০ খ্রি.

মোহাম্মদ মহীউদ্দিন মজুমদার

পরিচালক

সমন্বয় বিভাগ

ফোন : ৮১৮১৫৪১